

💵 জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা (ওযূ ও তায়াম্মুম) রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(২৬) রক্ত বের হলে ওয় ভেঙ্গে যায়

শরীর থেকে রক্ত প্রবাহিত হওয়া ওয়ূ ভঙ্গের কারণ নয়। রক্ত বের হলে ওয়ূ করতে হবে মর্মে যে হাদীছ বর্ণিত হয়েছে তা যঈফ।

عَنْ عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيْزِ قَالَ قَالَ تَمِيْمُ الدَّارِيُّ قَالَ رَسُوْلُ اللهِ ١ الوضُوْءُ مِنْ كُلِّ دَمِ سَائِلِ.

ওমর ইবনু আব্দুল আযীয তামীম দারী (রাঃ) থেকে বর্ণনা করেন, রাসূল (ছাঃ) বলেন, প্রত্যেক প্রবহমান রক্তের কারণেই ওযূ করতে হবে।[1]

তাহকীক : হাদীছটি যঈফ।[2] ইমাম দারাকুৎনী (রহঃ) বলেন, ওমর ইবনু আব্দুল আযীয তামীম দারীর নিকট থেকে শুনেননি। আর ইয়াযীদ ইবনু খালেদ ও ইয়াযীদ ইবনু মুহাম্মাদ দুইজনই অপরিচিত।[3]

তাছাড়া রক্ত বের হওয়া অবস্থায় ছাহাবায়ে কেরাম ছালাত আদায় করতেন।[4] তারা ওয় করতেন না মর্মে ছহীহ আছার বর্ণিত হয়েছে। যেমন-

عَنْ بَكْرٍ قَالَ رَأَيْتُ بْنَ عُمَرَ عَصَرَ بَثْرَةً فِيْ وَجْهِهِ فَخَرَجَ شَيْءٌ مِنْ دَمٍ فَحَكَّهُ بَيْنَ أَصِبْعَيْهِ ثُمَّ صَلَّى وَلَمْ يَتَوَضَّأً. বাকর (রহঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমি ইবনু ওমর (রাঃ)-কে দেখেছি, তিনি তার মুখমণ্ডলে উঠা ফোড়ায় চাপ দিলেন ফলে কিছু রক্ত বের হল। তখন তিনি আঙ্গুল দ্বারা ঘষে দিলেন। অতঃপর ছালাত আদায় করলেন। কিন্তু ওয় করেননি।[5]

শায়খ আলবানী (রহঃ) বলেন, রক্ত বের হলে ওয়ূ করা ওয়াজিব হবে মর্মে কোন ছহীহ হাদীছ নেই। তা কম হোক বা বেশী হোক।[6]

ফুটনোট

- [1]. দারাকুৎনী ১/১৫৭; সিলসিলা যঈফাহ হা/৪৭০; মিশকাত হা/৩৩৩; বঙ্গানুবাদ মিশকাত হা/৩০৭, ২/৫৭।
- [2]. সিলসিলা যঈফাহ হা/৪৭০।
- [3]. দারাকুৎনী ১/১৫৭ পৃঃ; মিশকাত হা/৩৩৩ عمر بن عبد العزیز لم یسمع من تمیم الداري ولا رآه ویزید بن خالد ویزید بن محمد مجهولان
- 4]]. আবুদাউদ হা/১৯৮, ১/২৬ পৃঃ, সনদ হাসান, 'পবিত্রতা' অধ্যায়, অনুচ্ছেদ-৭৯।



[5]. মুছান্নাফ ইবনে আবী শায়বাহ হা/১৪৬৯, সনদ ছহীহ; আলবানী, সিলসিলা যঈফাহ হা/৪৭০-এর আলোচনা জঃ, ১/৬৮৩ পৃঃ- المدينة وسلفه من أهل الحجاز أن ليس في الدم وضوء، وهو مذهب الفقهاء السبعة من أهل الحجاز أن ليس في الدم وضوء الصحابة

[6]. اَوْ كَانَ قَلِيْلاً أَوْ كَثِيْرًا _আলবানী, মিশকাত হা/৩৩৩-এর টীকা وَلاَ يَصِحُّ حَدِيْثٌ فِيْ وُجُوْبِ الْوَضُوْءِ مِنَ الدَّمِ كَانَ قَلِيْلاً أَوْ كَثِيْرًا . অালবানী, মিশকাত হা/৩৩৩-এর টীকা দঃ ১/১০৮ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1824

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন